

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ আগস্ট ২০২২ খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত বিভিন্ন অপরাধে ১৬ ব্যক্তিকে ৪ লক্ষ ২৮ হাজার টাকা জরিমানা আদায় করে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে সাগরিকা রোড, পোর্ট কানেক্টিং রোড, সিডিএ মার্কেট এলাকা ও শাহ আমানত সেতু এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানে শাহ আমানত সেতু এলাকায় বালির ট্রাক ও পেলোডার দিয়ে ফুটপাথ ভাঙ্গার কারণে এবং ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হওয়ায় দুইটি বালির সেলস সেন্টারকে ১ লক্ষ ৮০ হাজার টাকা। সাগরিকা রোড, পোর্ট কানেক্টিং রোড ও সিডিএ মার্কেট এলাকায় ফুটপাথ, নালা ও রাস্তা দখল করে দোকানের সামনের অংশ বর্ধিত করে লোহার পাইপসহ বিভিন্ন মালামাল রেখে পথচারি ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২ লক্ষ ৪৮ হাজার টাকা জরিমানা আদায় করা সহ ফুটপাথ ও রাস্তার দখলকৃত অংশ সর্বসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। এছাড়া ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩